



উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০১.০০০০.০০০.১০৯.৩১.০০০১.২৬.৪৭৭

তারিখ: ১০ জুন ২০২৬ খ্রি.

বিষয়: বিবিএস কর্তৃক বাস্তবায়নধীন SCEM প্রকল্পের আওতায় 'আবাসিক বাসস্থান সেবা জরিপ ২০২৬', 'অনাবাসিক আবাসন সেবা জরিপ ২০২৬' এবং 'রিয়েল এস্টেট প্রতিষ্ঠান জরিপ ২০২৬' শীর্ষক জরিপসমূহে তথ্য-উপাত্ত সংগ্রহে সহযোগিতা প্রদান।

স্বাক্ষর মোহাম্মদ

পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ৬ অনুসারে সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ করার নিমিত্ত জাতীয় হিসাব, মূল্যস্ফীতি, আর্থ-সামাজিক, কৃষি, স্বাস্থ্য ও প্রাণিসম্পদ, অর্থনৈতিক, শিল্প ও বাণিজ্য, জনতত্ত্ব, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জলবায়ু, দুর্যোগ ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশনার লক্ষ্যে পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) আইনগত দায়বদ্ধতা রয়েছে।

০২। বাংলাদেশের অর্থনীতিতে রিয়েল এস্টেট ও আবাসন খাত একটি গুরুত্বপূর্ণ সেবা খাত। জাতীয় হিসাব, জিডিপি এবং স্থূল মূল্য সংযোজন নিরূপণের জন্য এ খাতের নির্ভরযোগ্য তথ্য-উপাত্ত প্রয়োজন। শিল্পায়ন ও নগরায়ণ, জনসংখ্যা বৃদ্ধি, আবাসন চাহিদার পরিবর্তন এবং বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির ফলে এই খাতের আকার ও গুরুত্ব ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অথচ এ খাত সম্পর্কিত নির্ভরযোগ্য ও হালনাগাদ পরিসংখ্যানের ঘাটতি রয়েছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ও বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, টেকসই উন্নয়ন অজীষ্ট প্রভৃতি বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, বেসরকারি সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, ব্যবসায়িক সংগঠন, উন্নয়ন সহযোগী সংস্থা, গণমাধ্যম প্রভৃতিকে সঠিক ও সময়োচিত তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা বিবিএস এর অন্যতম দায়িত্ব।

০৩। সময়োপযোগী ও হালনাগাদ তথ্য-উপাত্ত প্রাপ্তির নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নধীন 'স্ট্যাটিস্টিক্যাল ক্যাপাসিটি এনহ্যান্সমেন্ট অ্যান্ড মর্ডার্নাইজেশন (SCEM) প্রকল্প' এর আওতায় বাংলাদেশে প্রথমবারের মতো 'আবাসিক বাসস্থান সেবা জরিপ ২০২৬', 'অনাবাসিক আবাসন সেবা জরিপ ২০২৬' এবং 'রিয়েল এস্টেট প্রতিষ্ঠান জরিপ ২০২৬' শীর্ষক জরিপসমূহ দেশব্যাপী পরিচালিত হবে। বর্ণিত জরিপসমূহের মাধ্যমে আবাসন ও রিয়েল এস্টেট খাতের হালনাগাদ, নির্ভরযোগ্য এবং বিস্তৃত পরিসংখ্যান পাওয়া যাবে, যা জাতীয় হিসাব প্রণয়ন ও জিডিপি প্রাকল্পনের মানোন্নয়ন, প্রমাণভিত্তিক নীতি প্রণয়ন এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। নির্বাচিত প্রতিষ্ঠান/ সংস্থা/ খানা হতে ডিজিটাল পদ্ধতিতে জরিপ ০৩ (তিন)টির তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। উল্লেখ্য, পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ১২(১) অনুযায়ী বিবিএস এর চাহিদা মোতাবেক যে কোন ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ তথ্য প্রদানে বাধ্য থাকবে এবং ধারা ১২(২) মোতাবেক সংগৃহীত সকল তথ্য গোপন রাখা হবে ও শুধুমাত্র গবেষণামূলক কাজ ও উন্নয়ন পরিকল্পনায় ব্যবহৃত হবে। এই জরিপসমূহের মূল উদ্দেশ্য হচ্ছে:

- ক) আবাসিক ও অনাবাসিক আবাসন সেবার মূল্য নিরূপণ;
- খ) মালিক-অধিকৃত বাসস্থানের সেবামূল্য নিরূপণ;
- গ) রিয়েল এস্টেট প্রতিষ্ঠানের আয়-ব্যয়, উৎপাদন ও মধ্যবর্তী ভোগ নিরূপণ;
- ঘ) সিস্টেম অব ন্যাশনাল অ্যাকাউন্টস (SNA) ২০২৫ অনুযায়ী জাতীয় হিসাবের ভিত্তি তথ্য প্রস্তুত করা।

০৪। বিবিএস এর দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ জরিপ জেলা সমন্বয়কারী, সুপারভাইজার এবং তথ্যসংগ্রহকারীগণ ডিজিটাল পদ্ধতিতে নমুনাভিত্তিক তথ্যসংগ্রহ কার্যক্রমে আগামী ১২-২৯ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত নিয়োজিত থাকবেন। এ কার্যক্রমে আপনার প্রতিষ্ঠান/ সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বা আপনার অধীনস্থ/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান/সংস্থাসমূহে কর্মরত কর্মকর্তাগণের সার্বিক সহায়তা এ জরিপ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি বিশ্বাস করি।

০৫। বর্ণিতাবস্থায়, বিবিএস কর্তৃক পরিচালনাধীন 'আবাসিক বাসস্থান সেবা জরিপ ২০২৬', 'অনাবাসিক আবাসন সেবা জরিপ ২০২৬' এবং 'রিয়েল এস্টেট প্রতিষ্ঠান জরিপ ২০২৬' শীর্ষক জরিপসমূহের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহে বিবিএস এর কর্মকর্তা/তথ্যসংগ্রহকারীকে সার্বিক সহায়তা প্রদানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠান/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বা আপনার অধীনস্থ/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান/সংস্থাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ/দিক-নির্দেশনা প্রদানের জন্য আপনার ব্যক্তিগত/মনোযোগ আকর্ষণ করছি।

52-16622

RECEIVED
Date: 23/06/26
Time: 11:26 AM
Signature: Rodhi
REHAB

সভাপতি, রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব), ন্যাশনাল প্লাজা (৬ষ্ঠ ও ৭ম তলা), ১/জি ফ্লি কুল স্ট্রিট, সোনারগাঁও রোড, ঢাকা- ১২০৫

মোহাম্মদ ওবায়দুল ইসলাম
মহাপরিচালক (অস্থায়ী)

ফোন: ৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd